



## The Emergency Food Assistance Program (TEFAP - জরুরী পরিস্থিতির জন্য খাদ্য সহায়তার কর্মসূচী)

### যোগ্যতার প্রত্যয়ন

অনুগ্রহ করে নিচে প্রত্যেকটিকে সংখ্যা উল্লেখ করুন, উদাহরণস্বরূপ, যদি আপনার বাড়িতে দুইজন শিশু থাকে, তাহলে 'শিশু'-এর

প্রাপকের নাম:	
ঠিকানা: *	
বাড়ির মোট সদস্য সংখ্যা:	

বক্সে "২" লিখবেন।

**বিকল্প 1: বিভাগীয় যোগ্যতা:** আপনার বাড়ির লোকজন যদি নিচে দেওয়া যেকোনো প্রোগ্রামে অংশগ্রহণ করে থাকে, তাহলে আপনি TEFAP-এর মাধ্যমে বিভাগীয়ভাবে USDA খাদ্য গ্রহণের যোগ্য বলে বিবেচিত হবেন: SNAP, WIC, TANF, Medicaid, বা SSI.

**বিকল্প 2: বাড়ির আয়:** আপনার বাড়ির বার্ষিক আয় যদি তালিকায় দেওয়া বাড়ির সদস্যদের অনুপাতে দেওয়া পরিমাণের সমান বা তার চেয়ে কম হয়, তাহলে আপনি TEFAP-এর মাধ্যমে বিভাগীয়ভাবে USDA খাদ্য গ্রহণের যোগ্য বিবেচিত হবেন

বাড়ির লোকের সংখ্যা:	1	2	3	4	5	6	7	8
বার্ষিক আয়	\$33,885	\$45,990	\$58,095	\$70,200	\$82,305	\$94,410	\$106,515	\$118,620

পরিবারের প্রত্যেক অতিরিক্ত সদস্যের জন্য \$12,105 যোগ করুন।

**এখানে টিক দিয়ে আপনি প্রত্যয়ন করছেন নিম্নলিখিতগুলি সত্য:**

- উপরে উল্লিখিত প্রাপকের নাম, ঠিকানা (\*যেটা বহুল ব্যবহৃত) এবং বাড়ির লোকজনের সংখ্যা সঠিক।
- প্রাপক নিউ ইয়র্ক স্টেটের মধ্যে বাস করে (বসবাসের কোনো ন্যূনতম মেয়াদ নেই)।
- প্রাপক উপরে উল্লিখিত TEFAP যোগ্যতার নির্দেশিকার বিকল্প 1 বা বিকল্প 2 পূরণ করছে।
- যে খাদ্য দেওয়া হবে সেটা শুধুমাত্র প্রাপকের বাড়ির লোকেদের খাওয়ার জন্য, এই খাদ্য বিক্রয়, লেনদেন বা বিনিময় করা যাবে না।
- প্রাপক USDA-এর বৈষম্যহীনতা সংক্রান্ত বিবৃতিতে দেওয়া নাগরিক অধিকার সম্পর্কে অবগত।

প্রাপকের স্বাক্ষর (ঐচ্ছিক)

তারিখ (প্রয়োজনীয়)

### USDA-এর বৈষম্যহীনতা সংক্রান্ত বিবৃতি

অন্যান্য সমস্ত FNS পুষ্টি সহায়তা কর্মসূচি, স্টেট বা স্থানীয় সংস্থা এবং তাদের উপপ্রাপকদের জন্য অবশ্যই নিম্নলিখিত বৈষম্যহীন বিবৃতিটি পোস্ট করতে হবে:

ফেডারেল নাগরিক অধিকার আইন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (USDA) নাগরিক অধিকার প্রবিধান এবং নীতি অনুসারে, এই প্রতিষ্ঠানটি জাতি, বর্ণ, জাতীয় উৎস, লিঙ্গ (লিঙ্গ পরিচয় এবং যৌন ঝাঁক সহ), প্রতিবন্ধকতা, বয়স অথবা নাগরিক অধিকারের পূর্ববর্তী কার্যকলাপের জন্য প্রতিহিংসা বা প্রতিশোধমূলক আচরণ করার ভিত্তিতে কারোর প্রতি বৈষম্য করা থেকে নিষিদ্ধ।

কর্মসূচির তথ্য ইংরেজি ছাড়া অন্য ভাষায় পাওয়া যেতে পারে। প্রতিবন্ধী ব্যক্তিদের যাদের কর্মসূচির তথ্য পাওয়ার জন্য যোগাযোগের বিকল্প উপায় প্রয়োজন (যেমন ব্রেইল, বড় ছাপার হরফে লেখা, অডিওটেপ, আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ), তাদের কর্মসূচি পরিচালনকারী দায়িত্বশীল স্টেট বা স্থানীয় সংস্থা অথবা USDA-এর টার্গেট সেন্টারের সাথে (202) 720-2600 ( ভয়েস এবং TTY) নম্বরে যোগাযোগ করতে হবে অথবা (800) 877-8339-এ ফেডারেল রিলে সার্ভিসের মাধ্যমে USDA-এর সাথে যোগাযোগ করুন।



একটি কর্মসূচি সংক্রান্ত বৈষম্যের অভিযোগ দায়ের করতে একজন অভিযোগকারীকে একটি AD-3027 ফর্ম, USDA কর্মসূচি সংক্রান্ত বৈষম্যের অভিযোগ জানাবার ফর্ম (USDA Program Discrimination Complaint Form) পূরণ করতে হবে যা অনলাইনে পাওয়া যেতে পারে এখানে: <https://www.fns.usda.gov/sites/default/files/resource-files/ad3027-bengali.pdf>-তে, যেকোনো USDA অফিস থেকে (866) 632-9992 নম্বরে ফোন করে, অথবা USDA-কে সম্বোধন করা একটি চিঠি লিখে। চিঠিতে অবশ্যই অভিযোগকারীর নাম, ঠিকানা টেলিফোন নম্বর এবং কথিত বৈষম্যমূলক পদক্ষেপের এর একটি পর্যাপ্ত বিস্তারিতভাবে লিখিত বিবরণ থাকতে হবে যাতে নাগরিক অধিকারের সহকারী সচিব (ASCR)-কে অভিযুক্ত নাগরিক অধিকার লঙ্ঘনের প্রকৃতি এবং তারিখ সম্পর্কে তথ্য অবহিত করা যায়। পূরণ করা AD-3027 ফর্ম বা চিঠিতে নিম্নলিখিত উপায়ে অবশ্যই USDA-তে জমা দিতে হবে:

(1) ডাক ঠিকানায়:

U.S. Department of Agriculture  
Office of the Assistant Secretary for Civil Rights  
1400 Independence Avenue, SW  
Washington, D.C. 20250-9410; অথবা

(2) ফ্যাক্স:

(833) 256-1665 অথবা (202) 690-7442; অথবা

(3) ইদমি:

[program.intake@usda.gov](mailto:program.intake@usda.gov)

এটি একটি সবাইকে সমান সুযোগ প্রদানকারী প্রতিষ্ঠান।